গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রশাসন-০৪ অধিশাখা
www.mof.gov.bd

স্মারক নং- ০৭.০০.০০০০.০৮৪.৩১.১০৪.২৩-৯২ তারিখ: ২৯ মাঘ ১৪৩০ / ১২ ফেব্রুয়ারি ২০২৪

# অফিস আদেশ

যেহেতু, জনাব মাহফুজুর রহমানকে অফিস সহায়ক পদে অর্থ বিভাগে নিয়োগ প্রদান করা হয় এবং তিনি গত ০৯/০২/২০২৩ তারিখে পূর্বাহ্নে অফিস সহায়ক পদে চাকরিতে যোগদান করেন।

০২। যেহেতু, ইতোমধ্যে জনাব মাহফুজুর রহমান এর পুলিশ ভেরিফিকেশন প্রতিবেদন পাওয়া যায় এবং উক্ত ভেরিফিকেশনের প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে যে, "জনাব মাহফুজুর রহমান-এর বিরুদ্ধে বুড়িচং থানার মামলা নং-২২, তারিখ-১৯/০৮/২০১৬ খ্রি., [ধারা-নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধনী/০৩) এর ৯/(৩)/৩০] রহিয়াছে। যাহা পিবিআই কর্তৃক তদন্ত শেষে পেনাল কোড ৩০৬ ধারায় বিজ্ঞ আদালতে অভিযোগ পত্র দাখিল করা হয়েছে। মামলাটি বর্তমানে বিজ্ঞ আদালতে বিচারাধীন।"

০৩। যেহেতু, সচিব মহোদয়ের নির্দেশনা মোতাবেক মামলার সর্বশেষ অবস্থা সম্পর্কে জানতে জেলা প্রশাসক, কুমিল্লা বরাবর পত্র প্রেরণ করা হলে জেলা প্রশাসক, কুমিল্লা হতে প্রাপ্ত তথ্য মতে, মামলাটি বর্তমানে বিজ্ঞ অতিরিক্ত দায়রা জজ, ১ম আদালত, কুমিল্লায় বিচারাধীন।

০৪। যেহেতু, জনাব মাহফুজুর রহমান-এর বিরুদ্ধে দায়েরকৃত বুড়িচং থানার মামলা নং-২২, তারিখ-১৯/০৮/২০১৬ খ্রি., [ধারা-নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধনী/০৩) এর ৯/(৩)/৩০] মামলাটি বর্তমানে আদালতে বিচারাধীন সেহেতু সরকারি চাকরি আইন, ২০১৮-এর ৩৯(২) ধারা অনুযায়ী তাকে অদ্য ১২/০২/২০২৪ তারিখ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০৫। সাময়িক বরখাস্তকালীন প্রচলিত বিধি মোতাবেক তিনি খোরাকী ভাতা (Subsistence Allowance) প্রাপ্য হবেন এবং প্রতি কার্য দিবসে প্রশাসন-৪ শাখায় রক্ষিত হাজিরা খাতায় স্বাক্ষরপূর্বক উপস্থিতি নিশ্চিত করবেন।

০৬। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বা:/-
(মোহাম্মদ রাসেলুল কাদের)
উপসচিব
ফোন: ০২-৯৫৮৫০৪৬
ইমেইল: kaderrasel@finance.gov.bd

স্মারক নং- ০৭.০০.০০০০.০৮৪.৩১.১০৪.২৩-৯২ তারিখ: ২৯ মাঘ ১৪৩০ / ১২ ফেব্রুয়ারি ২০২৪

সদয় অবগতি/অবগতি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও টিডিএম), অর্থ বিভাগ।
০২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়), অর্থ বিভাগ।
০৩। যুগ্মসচিব (প্রশাসন), অর্থ বিভাগ।
০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ।
০৫। সিনিয়র সহকারী সচিব, বাজেট-২, বাজেট অনুবিভাগ-১, অর্থ বিভাগ।
০৬। চীফ একাউন্স এন্ড ফিন্যান্স অফিসার, অর্থ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

০৭। সিস্টেম এনালিষ্ট, এফ.এস.এম.ইউ, অর্থ বিভাগ (অর্থ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

০৮। হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থ বিভাগ।

০৯। জনাব মাহফুজুর রহমান, অফিস সহায়ক, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (স্থায়ী ঠিকানা: গ্রাম: লোহাইমুড়ী, ডাকঘর: ফকির বাজার, উপজেলা: বুড়িচং, জেলা: কুমিল্লা)।

১০। অফিস কপি।

১১.০২.২০২৪

(মোহাম্মদ রাসেলুল কাদের)
উপসচিব